গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ ইউনিট
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

**বাংলাদেশ হাওর ও জলাভূমি সুরক্ষা, উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন (খসড়া) পর্যালোচনা লক্ষ্যে আয়োজিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | নাজমুল আহসান<br>সচিব |
| সভার তারিখ | ১ অক্টোবর ২০২৪ |
| সভার সময় | **দুপর ২.৩০ মিনিট** |
| স্থান | সম্মেলন কক্ষ, পানি সম্পদ মন্ত্রণালয় |
| উপস্থিতি | পরিশিষ্ট - ক |

সভাপতি আন্তঃমন্ত্রণালয় সভায় সকল সদস্যকে স্বাগত জানিয়ে বলেন, প্রাকৃতিক সৌন্দর্যের লীলাভূমি বাংলাদেশ। নদীমাতৃক বাংলাদেশে হাওড় ও জলাভূমি প্রাকৃতিক সম্পদ ও মৎস সম্পদের অনন্য সম্ভার। তিনি বলেন, ১৯৭৭ সালে বাংলাদেশ হাওর উন্নয়ন বোর্ড গঠিত হয়, যা পরবর্তীতে ২০১৬ সালে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরে রূপান্তর করা হয়। তিনি বলেন, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর এর কর্মপরিধি নির্ধারণ এবং হাওর ও জলাভূমি সুরক্ষা, উন্নয়ন ও ব্যবস্থাপনা অধিকতর কার্যকর ও যুগোপযোগী করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের মতামতের ভিত্তিতে আইন প্রণয়ন কার্যক্রম পরিচালিত হবে।

২. সভাপতি সভায় উপস্থিত সকলের জ্ঞাতার্থে বলেন, ৫৮টি বিভাগ/মন্ত্রণালয়/সংস্থা হতে খসড়া আইনের উপর মতামত প্রেরণ করা হয়েছে। আইন প্রণয়নের ধারাবাহিক কার্যক্রমের আওতায় **আন্তঃমন্ত্রণালয়** সভা আহবান করা হয়েছে। অতঃপর, তিনি মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরকে খসড়া আইনের উপর প্রস্তুতকৃত পাওয়ার পয়েন্ট উপস্থাপনার অনুরোধ জানান।

৩. মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর খসড়া আইনের উপর প্রস্তুতকৃত পাওয়ার পয়েন্ট উপস্থাপনা পরবর্তী ধাপে আইনের ধারাসমূহ ও বিভিন্ন সংস্থা হতে প্রাপ্ত মতামত তুলে ধরা হয়। তদপ্রেক্ষিতে, সভায় উপস্থিত সদস্যগণ স্ব স্ব অভিমত ব্যক্ত করেন এবং সভায় আলোচনাক্রমে উপস্থাপিত মতামতসমূহ অধিকতর পর্যালোচনাপূর্বক খসড়া আইনে সংযোজনের অনুরোধ জানান।

৪. ড. আশোক কুমার বিশ্বাস, উপসচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ বলেন, জেলা ও উপজেলা পর্যায়ের হাওর ব্যবস্থাপনা কমিটিতে জাতীয় নদী রক্ষা কমিশনের প্রতিনিধি অন্তর্ভূক্ত করা আবশ্যক। এর ফলে সামগ্রিক কার্যক্রম বেগবান হবে।

৫. জনাব তারিকুল ইসলাম, উপসচিব, কৃষি মন্ত্রণালয় বলেন, হাওর কেন্দ্রিক বোরো ধান আবাদকালে পানির প্রাপ্যতা ও সম্পৃক্ত অন্যান্য ফসল উৎপাদনের বিষয়কে আইনে সংযুক্ত করা প্রয়োজন।

৬. চিত্রা শিকারী, সিনিয়র সহকারী সচিব, বানিজ্য মন্ত্রণালয় বলেন, জেলা হাওর ব্যবস্থাপনা কমিটিতে সদস্য সচিব হিসেবে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এর স্থলে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কে দায়িত্ব প্রদান করা যাতে পারে।

৭. জনাব দেলোয়ার হোসেন মাতুব্বর, যুগ্মসচিব, ভূমি মন্ত্রণালয় বলেন, ভূমি মন্ত্রণালয়ের এখতিয়ার অক্ষুন্ন রেখে বিবেচ্য বিষয়ে কার্যক্রম পরিচালনা করা আবশ্যক। এছাড়া, ধারা-২ উল্লিখিত সংজ্ঞা সমূহের ক্ষেত্রে বিদ্যমান আইনে বর্ণিত সংজ্ঞাসমূহ

সংযোজনের প্রস্তাব প্রদান করেন।

৮. জনাব জহির উদ্দীন দেওয়ান, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বলেন, 'নিরাপদ পানি ধারক স্তর' এর যথাযথ ব্যাখ্যা প্রদান করা একান্ত আবশ্যক, অন্যথায় সিডিউল-১ এ বর্নিত দন্ড প্রদানের ক্ষেত্রে জটিলতা উদ্ভব হবে। এছাড়া, উপজেলা কমিটিতে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর প্রতিনিধি অন্তর্ভূক্ত করা আবশ্যক।

৯. জনাব শ্যামল চন্দ্র দাস, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাপাউবো বলেন, বিবেচ্য আইনে বাস্তুতন্ত্র সুরক্ষা এবং সেডিমেন্ট ম্যানেজমেন্ট কিভাবে সমন্বয় করা হবে, তা বিস্তারিতভাবে উল্লেখ করা আবশ্যক।

১০. ড. মোহাম্মদ আবুল হোসেন, সদস্য, যৌথ নদী কমিশন বলেন, হাওর এ স্থাপনা নির্মাণ, প্রকল্প বাস্তবায়নকালে একাধিক দপ্তর অর্থাৎ মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর এবং পরিবেশ অধিদপ্তর এর ছাড়পত্র গ্রহণের নির্দেশনা আছে। ছাড়পত্র প্রদানের সামগ্রিক প্রক্রিয়াটি অনলাইন ভিত্তিক ওয়ানসটপ সার্ভিস হিসেবে প্রদান করা যায় কিনা তা বিবেচনা করা প্রয়োজন।

১১. জনাব আ. ন. ম. বজলুর রশীদ, অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন, সকলের মতামতের আলোকে অধিকতর পর্যালোচনার মাধ্যমে খসড়া আইনটি প্রণয়নের ধারাবাহিক কার্যক্রম চলমান থাকবে এবং আইন অনুমোদনের অথরিটি হিসেবে মন্ত্রিসভা বরাবর চূড়ান্ত খসড়া প্রেরণ করা হবে। তিনি বলেন, ইতিমধ্যে প্রায় ২৫০টি মতামত গ্রহীত হয়েছে। তথাপি, সভায় আলোচনার পরিপ্রেক্ষিতে নতুন কিছু ধারনার অবতারনা হয়েছে। যা বিবেচনা করা যেতে পারে।

১২. সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | **<u>লিখিত মতামতসহ প্রেরণ</u>**: সভায় উপস্থিত বিভিন্ন মন্ত্রণালয়ের সদস্যবৃন্দ তাঁদের অধিকতর পর্যালোচনাভিত্তিক মতামত লিখিতভাবে পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য (সকল), আন্তঃমন্ত্রণালয় সভা। |
| ২ | **<u>কর্মশালা আয়োজন:</u>** মন্ত্রণালয়সমূহের মতামতের আলোকে খসড়া আইন পুনঃপর্যালোচনা এবং পরবর্তীতে পানিসম্পদ মন্ত্রণালয় ও সংস্থাগুলো নিয়ে আইনের উপর কর্মশালা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর |

১৩. সভায় আর কোন আলোচ্য বিষয় উপস্থাপিত না হওয়ায় সভাপতি সভা সমাপ্ত করেন।

০৬-১০-২০২৪
নাজমুল আহসান
সচিব
২২৩৩৫৬৭৭৩

**নম্বর:** ৪২.০০.০০০০.০৪৮.২২.০০১.২৩.১৬৫

তারিখ: ২১ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০৬ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। .......... সংস্থা প্রধান (সকল), পানি সম্পদ মন্ত্রণালয়।;
২। অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়;

৩। অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়;
৪। যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়;
৫। যুগ্মসচিব, রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ ইউনিট, পানি সম্পদ মন্ত্রণালয়;
৬। যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়;
৭। যুগ্মসচিব, উন্নয়ন-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়;
৮। যুগ্মসচিব, বাজেট ও অডিট অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়;
৯। যুগ্ম সচিব, উন্নয়ন-২ অধিশাখা , পানি সম্পদ মন্ত্রণালয় এবং
১০। ......................................................................।



০৬-১০-২০২৪
মেহরুবা ইসলাম
সিনিয়র সহকারী সচিব